

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১১৫

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِرِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ মানুষকে কবরে শান্তি দেওয়া হলে সেটা চতুপ্পদ প্রাণী শুনতে পায়

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ الْبَهَائِمَ تَسْمَعَ أَصنْوَاتَ مَنْ عُذِّبَ فِي قَبْرِهِ مِنَ النَّاسِ

আরবী

3115 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ قَالَ: حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي سُفْيَانَ عَنْ جَابِرٍ عَنْ أُمِّ مُبَشِّرٍ قَالَتْ: دَخَلَ عليَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا فِي حَائِطٍ مِنْ حَوَائِطِ بَنِي النَّجَّارِ فِيهِ قُبُورٌ مِنْهُمْ وَهُو يَقُولُ: (اسْتَعِيذُوا بِاللَّهِ مِنْ عَذَابِ الْقَبْرِ) فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ وَلِلْقَبْرِ عَذَابٌ؟ قَالَ: (نَعَمْ وَإِنَّهُمْ ليعذبون في قبورهم تسمعه البهائم)

الراوي: أُمّ مُبَشِرٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3115 ا خلاصة حكم المحدث: صحيح _ ((الصحيحة)) (1445).

বাংলা

৩১১৫. উন্মু মুবাশিশর রাদ্বিয়াল্লাছ আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে আসেন, এমন অবস্থায় যে, আমি বানী নাজ্জার গোত্রের এক বাগানে ছিলাম। সেখানে তাদের অনেক কবর ছিলো। এসময় তিনি বলেন, "তোমরা আল্লাহর কাছে কবরের আযাব থেকে আশ্রয় প্রার্থনা কর।" তখন আমি বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম, কবরের আযাবও রয়েছে?" জবাবে তিনি বলেন, "হ্যাঁ। নিশ্চয়ই তাদেরকে কবরে আযাব দেওয়া হয়, যা প্রাণীকুল শুনতে পায়।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৭৪; মুসনাদ আহমাদ: ৬/৩৬২; তাবারানী: ২৫/২৬৮; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৬৭৪২; ইমাম আহমাদ, আস সুন্নাহ: ১৩৬০; বাগাবী: ১৫২৬; নাসাঈ: ৪/১০২।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৪৪৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু মুবাশিশর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন